গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
সমন্বয় শাখা
www.tmed.gov.bd

স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪২.৯৯.০০৭.১৭.৭২ তারিখ: ৯ আষাঢ় ১৪৩৩ / ২৩ জুন ২০২৬

বিষয়: বাংলাদেশ ন্যাশন্যাল ক্যাডেট কোর (বিএনসিসি) এর প্রশিক্ষণ ও কল্যাণ খাতে শিক্ষার্থীদের বার্ষিক চাঁদার পরিমাণ বৃদ্ধির বিষয়ে সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন প্রসঙ্গে।

সূত্রঃ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের স্মারক নং ৩৭.০০.০০০০.০৬৫.১৬.০০১.২৪-৯১, তারিখ ০৮ জুন ২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় এবং সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ ন্যাশন্যাল ক্যাডেট কোর (বিএনসিসি) এর প্রশিক্ষণ ও কল্যাণ খাতে শিক্ষার্থীদের বার্ষিক চাঁদার পরিমাণ বৃদ্ধির বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের লক্ষ্যে গত ০৫ এপ্রিল ২০২৬ তারিখ সচিব মহোদয় এঁর সভাপতিত্বে সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের জন্য এ বিভাগকে অনুরোধ করা হয়েছে।

০২। এমতাবস্থায়, প্রশিক্ষণ ও কল্যাণ খাতে শিক্ষার্থীদের বার্ষিক বর্ধিত চাঁদার পরিমাণ আদায়সহ বিএনসিসি কার্যক্রম কার্যকর ও নিয়মিতভাবে পালন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের পত্র।

২৩/০৬/২০২৬
ড. মো: মনিরুল ইসলাম
উপসচিব
০২-৫৫১০১৩৪৮
sascordinet@tmed.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১। মহাপরিচালক (অতিরিক্ত সচিব), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা;
২। মহাপরিচালক (অতিরিক্ত সচিব), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, বেইলি রোড, ঢাকা;

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
প্রশিক্ষণ ও শারীরিক শিক্ষা শাখা
গাইড হাউস, নিউ বেইলী রোড, ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০৩.৯৯.০০৪.২৬-০১ তারিখ: ১০ আষাঢ়, ১৪৩৩ / ২৪ জুন ২০২৬

উপর্যুক্ত নির্দেশনার পরিপ্রেক্ষিতে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ৩ পৃষ্ঠা।

২৪/০৬/২০২৬
মোঃ রুবেল হোসাইন
সহকারী পরিচালক (প্রশিক্ষণ ও শারীরিক শিক্ষা)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

অধ্যক্ষ/সুপার/ এবতেদায়ী প্রধান .........(সকল সরকারি ও এমপিওভুক্ত মাদ্রাসা)

বিতরণ:
১। জেলা শিক্ষা অফিসার.... (সকল)
২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার...(সকল)
} তার আওতাধীন সকল মাদ্রাসায় উল্লিখিত নির্দেশনা অনুসরণ করার অনুরোধসহ।

সদয় অনুলিপি:
১। সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
২। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সমন্বয় শাখা
www.shed.gov.bd

নং-৩৭.০০.০০০০.০৬৫.১৬.০০১.২৪-৯১

তারিখ: ২৫ জ্যৈষ্ঠ ১৪৩৩ / ০৮ জুন ২০২৬

বিষয়: বাংলাদেশ ন্যাশন্যাল ক্যাডেট কোর (বিএনসিসি) এর প্রশিক্ষণ ও কল্যাণ খাতে শিক্ষার্থীদের বার্ষিক চাঁদার পরিমাণ বৃদ্ধির বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের লক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ ন্যাশন্যাল ক্যাডেট কোর (বিএনসিসি) এর প্রশিক্ষণ ও কল্যাণ খাতে শিক্ষার্থীদের বার্ষিক চাঁদার পরিমাণ বৃদ্ধির বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের লক্ষ্যে অনুষ্ঠিত সভা ০৫ এপ্রিল ২০২৬ তারিখ সকাল ১০.৩০ ঘটিকায় জনাব আবদুল খালেক, সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এঁর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। জনাব ড. আ ন ম এহছানুল হক মিলন, মাননীয় মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। উক্ত সভার কার্যবিবরণীতে গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: কার্যবিবরণী ০২ (দুই) পাতা।

মুহাম্মদ ওবায়দুর রহমান
উপসচিব
টেলিফোন: ২৫৫১০১০৮৫
ই-মেইল: sas_s4@moedu.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

২। চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা

৩। অতিরিক্ত সচিব (বিশ্ববিদ্যালয়/মাধ্যমিক-১,২/কলেজ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

৪। উপাচার্য, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর

৫। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা

৬। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/রাজশাহী/কুমিল্লা/যশোর/চট্টগ্রাম/বরিশাল/সিলেট/দিনাজপুর/ ময়মনসিংহ

৭। মহাপরিচালক, বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর অধিদপ্তর, ৩২, ঈশা খাঁ এভিনিউ, সেক্টর-৬, উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০।

অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে):

১। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

২। যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

৩। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

৪। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সমন্বয় শাখা
www.shed.gov.bd

| | |
|---|---|
| বিষয় | : বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর (বিএনসিসি) কর্তৃক শিক্ষা প্রতিষ্ঠানে পরিচালিত কর্মকাণ্ড বিষয়ক পর্যালোচনা সভার কার্যবিবরণী। |
| সভাপতি | : জনাব আবদুল খালেক<br>সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়। |
| প্রধান অতিথি | : জনাব ড. আ ন ম এহছানুল হক মিলন<br>মাননীয় মন্ত্রী<br>শিক্ষা মন্ত্রণালয়। |
| তারিখ | : ০৫ এপ্রিল ২০২৬ |
| সময় | : সকাল ১০: ৩০ ঘটিকা |
| সভার স্থান | : মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সম্মেলন কক্ষ |
| উপস্থিত তালিকা | : পরিশিষ্ট “ক” |

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সচিব, বিএনসিসি-এর কর্মকর্তাবৃন্দ, মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, চেয়ারম্যান, ঢাকা বোর্ড, অতিরিক্ত সচিব (মাধ্যমিক-২) উপস্থিত ছিলেন। সভায় বিএনসিসি-এর কার্যক্রম বাস্তবায়নসহ শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের বিএনসিসি-এর কর্মকাণ্ডে অংশগ্রহণ নিশ্চিত করনের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। চেয়ারম্যান, ঢাকা শিক্ষা বোর্ড সভায় জানান যে, বর্তমানে বোর্ড কর্তৃক class vi, viii, ix & xi এ প্রতি শিক্ষার্থী থেকে বিএনসিসি খাতে ০৬ (ছয়) টাকা সংগ্রহ করা হয়। জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য সভাকে জানান যে, জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক বিএনসিসি খাতে ভর্তির সময় ০৫ (পাঁচ) টাকা করে প্রতি শিক্ষার্থীর নিকট থেকে নেওয়া হয়। মহাপরিচালক, বিএনসিসি সভাকে জানান যে, শিক্ষা বোর্ড ও জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক যে অর্থ প্রদান করা হয় তা অপ্রতুল হওয়ায় কর্মকাণ্ড সঠিকভাবে সম্পন্ন করা সম্ভব হচ্ছেনা। মাননীয় মন্ত্রী বলেন, প্রতি এলাকায় Retired army personnel অর্ন্তভুক্ত করে সকল শিক্ষা প্রতিষ্ঠানে বিএনসিসি'র কার্যক্রম সম্প্রসারণ করে শিক্ষা প্রতিষ্ঠান rebuilding কার্যক্রম গ্রহণ করা জরুরী। এ খাতে অর্থায়ন বৃদ্ধি করা প্রয়োজন। সভায় সভাপতিসহ সকলে সরকারের নির্বাচনী ইশতেহার বাস্তবায়নে বিএনসিসি'র কর্মকাণ্ড সম্প্রসারণের উপর গুরুত্বরোপ করে অর্থায়ন বৃদ্ধি করার প্রয়োজন মর্মে জোর দেন।

**২.০ সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:**

২.১ শিক্ষা বোর্ডসমূহ কর্তৃক Class vi, viii, ix & xi বা সমমান শ্রেণিতে ভর্তি/রেজিস্ট্রেশনের সময় বিএনসিসি কর্মকাণ্ড পরিচালনার জন্য এ খাতে ব্যয় করতে প্রতি শিক্ষার্থী থেকে ০৬ (ছয়) টাকার পরিবর্তে ১০ (দশ) টাকা সংগ্রহ করতে হবে;

২.২ জাতীয় বিশ্ববিদ্যালয়ে/ইসলামী আরবী বিশ্ববিদ্যালয়/ডিগ্রী/অনার্স স্তরে বা সমস্তরে ভর্তির সময় প্রতি শিক্ষার্থী থেকে ১০ (দশ) টাকা সংগ্রহ করবে;

২.৩ কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে বিএনসিসি-এর কার্যক্রম পরিচালনা করতে হবে। একইভাবে কারিগরি শিক্ষা বোর্ড ও মাদ্রাসা শিক্ষা বোর্ড এবং ইসলামী আরবি বিশ্ববিদ্যালয় বিএনসিসি'র জন্য প্রতি শিক্ষার্থী থেকে ১০ (দশ) টাকা হারে সংগ্রহ করবে;

২.৪ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এবং কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কর্তৃক সমপরিমান অর্থ সরকার থেকে বরাদ্দের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;

২.৫ বিএনসিসি তাদের ভবিষ্যৎ কর্মকাণ্ডের একটি কর্মপরিকল্পনা এ বিভাগে দাখিল করবে।

৩.০ সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
তারিখ: ২৬.০৪.২০২৬
আবদুল খালেক
সচিব

নং- ৩৭.০০.০০০০.০৬৫.১৬.০০১.২৪-৭১

তারিখ: ২১ বৈশাখ ১৪৩৩ / ০৪ মে ২০২৬

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

২। চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

৩। অতিরিক্ত সচিব (বিশ্ববিদ্যালয়/মাধ্যমিক-১,২/ কলেজ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

৪। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/রাজশাহী/ কুমিল্লা/চট্টগ্রাম/যশোর/বরিশাল/সিলেট/দিনাজপুর/ময়মনসিংহ;

৫। মহাপরিচালক, বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর অধিদপ্তর, ৩২, ঈশা খাঁ এভিনিউ, সেক্টর-৬, উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০

৬। যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

৭। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।

অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে):

১। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

২। ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন ও অর্থ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

৩। অফিস কপি।

04/05/2026

মুহাম্মদ ওবায়দুর রহমান
উপসচিব